



স্মারক নং-৩৭.২০.০০০০.০০৪.০৩৩.০১৬.২০১৬/২০৩৫

তারিখ: ১২ মাঘ ২০২৪ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

বিষয় : স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০১৮ এর ফলাফল অনলাইনে (Online) এ প্রদান।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “স্টুডেন্টস কেবিনেট নির্বাচন -২০১৮” সারাদেশে সকল মাধ্যমিক বিদ্যালয়ে ২৭ জানুয়ারি ২০১৮ শনিবার ও সকল মাদ্রাসায় ২৯ জানুয়ারি ২০১৮ সোমবার সকাল ৯.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। নির্বাচনী তফসিল অনুযায়ী নির্বাচন সমাপ্তির পর পর ফলাফল ম্যানুয়ালের ছক ৭ ও ৮ পূরণ করে ব্যানবেইস এ প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। স্টুডেন্টস কেবিনেট নির্বাচন এর সকল কার্যক্রম অনলাইন (Online) এ সম্পন্ন করার নিমিত্ত একটি সফটওয়ার ডেভলপ করে ব্যানবেইস এর ওয়েবসাইটে ‘স্টুডেন্টস কেবিনেট’ নামে Upload করা হয়েছে। এখন থেকে স্টুডেন্টস কেবিনেট সংক্রান্ত সকল তথ্য আদানপ্রদান অনলাইন (Online) এ সম্পন্ন করতে হবে।

৩। www.banbeis.gov.bd প্রবেশ করে প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান Institute login এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা useo/tseo login প্যানেলে User ID ও Password দিয়ে login করে স্টুডেন্টস কেবিনেট সংক্রান্ত তথ্য আদান প্রদান সম্পন্ন করতে পারবেন। Institute login এর ক্ষেত্রে User ID ও Password হচ্ছে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের EIIN এবং useo/tseo login এর ক্ষেত্রে User ID ও Password হচ্ছে e-survey এর অনুরূপ অর্থ্যাৎ User ID হচ্ছে useo/tseo সংশ্লিষ্ট উপজেলা/থানার নাম (যেমন USEOATPARA/TSEORAMNA) এবং Password হচ্ছে ১২৩৪৫৬। এ সংক্রান্ত ব্যবহার নির্দেশিকা ব্যানবেইস এর ওয়েবসাইটে স্টুডেন্টস কেবিনেট ম্যানু এর নোটিশ বোর্ডে আপলোড করা হয়েছে।

৪। এমতাবস্থায়, স্টুডেন্টস কেবিনেট নির্বাচন -২০১৮” এর ফলাফল নির্বাচনের পরপরই www.banbeis.gov.bd প্রবেশ করে ‘স্টুডেন্টস কেবিনেট’ ম্যানুর সংশ্লিষ্ট প্যানেলে Institute/ useo/tseo login করে ছক-৭ (ভোটের হিসাব) ও ৮ (নির্বাচিত প্রার্থীদের তালিকা) এ এন্ট্রি দেয়ার জন্য নির্দেশ ক্রমে অনুরোধ করা হলো

৫। বিষয়টি অতীব জরুরি।


(এ কিউ এম শফিউল আজম)
চীফ ডি.এল.পি. বিভাগ
ব্যানবেইস

(১) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)

(২) জেলা শিক্ষা অফিসার (সকল), জেলা

(৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/সহকারী প্রোগ্রামার, ইউআইটিআরসিই (সকল), জেলা.....

উপজেলা

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩। মহাপরিচালক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৪। জেলা প্রশাসক (সকল), জেলা

৫। চীফ, ডিএলপি বিভাগ, ব্যানবেইস, ঢাকা।

৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), জেলা..... উপজেলা.....